

১৫ জানুয়ারী, ২০২৪

এফবিসিসিআই/অর্থ/বাজেট/২০২৪/১০১

অতীব জরুরী

বিষয় : ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় বাজেট প্রস্তাব প্রণয়নে সুপারিশ প্রেরণ।

মহোদয়,

ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় বাজেট প্রস্তাবনা প্রণয়নের প্রাথমিক কার্যক্রম শুরু করেছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটের জন্য আমদানী শুল্ক, মূল্য সংযোজন কর, আয়কর ও অন্যান্য কর সম্পর্কে আপনার প্রতিষ্ঠানের যৌক্তিক প্রস্তাবসমূহ আগামী ৩১ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে এফবিসিসিআই-এ প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিম্নবর্ণিত 'ছক' পণ্য ভিত্তিক আমদানী শুল্ক, মুসক, সম্পূরক শুল্ক ও অন্যান্য শুল্ক সম্পর্কে আপনার সংস্থার কোন প্রস্তাব থাকলে নির্ধারিত তারিখের মধ্যে এফবিসিসিআই-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

'ছক'


ক্র. নং	পণ্যের নাম ও এইচ,এস,কোড	বর্তমান অবস্থা	প্রস্তাব/সুপারিশ	যৌক্তিকতা

মূল্য সংযোজন কর ও আয়কর সম্পর্কিত প্রস্তাব প্রণয়নে বর্তমানে বিদ্যমান অবস্থা, প্রস্তাব/সুপারিশ যৌক্তিকতাসহ প্রেরণের অনুরোধ করা যাচ্ছে। এছাড়া সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে কোন প্রস্তাব থাকলে তা প্রেরণ করার জন্যও অনুরোধ করা যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরী গণ্য করে আপনার প্রতিষ্ঠানের প্রস্তাব নির্ধারিত তারিখের মধ্যে হার্ড কপিসহ সিডি, পেনড্রাইভ (Font: Nikosh, Size: 12) বা ই মেইলে (e-mail address: nurulhuda.fbcci@gmail.com, অথবা parvez.fbcci@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,


১৫/০১/২০২৪

মো: আলমগীর

মহাসচিব

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন, লেভেল-৬-৭, ই-৫/সি-১, আগারগাও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সভাপতি, বাংলাদেশ ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ, সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
৩. সভাপতি, ইন্সটিটিউট অব কষ্ট এ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস, আইসিএমএ ভবন, নীলক্ষেত, ঢাকা।
৪. সভাপতি, বাংলাদেশ ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন, রাজস্ব ভবন, জাতীয় রাজস্ব বোর্ড, নীচ তলা, সেগুন বাগিচা, ঢাকা।
৫. সভাপতি, ঢাকা ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন, রাজস্ব ভবন, জাতীয় রাজস্ব বোর্ড, নীচ তলা, সেগুন বাগিচা, ঢাকা।
৬. চেয়ারম্যান, ঢাকা স্টক একচেঞ্জ লি., ৯/এফ মতিঝিল বা/এ, ঢাকা।
৭. চেয়ারম্যান, চট্টগ্রাম স্টক একচেঞ্জ লি., সিএসই বিল্ডিং, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, চট্টগ্রাম।